বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৮৩ তারিখঃ ১২ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

## ঢাবির দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বৃত্তি চালু করেছে বিএসইসি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বৃত্তি চালু করেছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। এ বৃত্তি প্রদানের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের কাছে ৭ লাখ ২০ হাজার টাকার চেক হস্তান্তর করেছেন বিএসইসির চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম।

বৃত্তির চেক হস্তান্তরকালে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম বলেন, সমাজের সকল পর্যায়ের মানুষের অর্ন্তভূক্তির মাধ্যমে বাংলাদেশের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব। এ লক্ষ্যে বিএসইসি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থীদের মধ্যে এই বৃত্তি প্রদানের উদ্যেগ গ্রহন করেছে। বৃত্তির এই অর্থ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দৃষ্টি প্রতিবন্ধী ২০ জন শিক্ষার্থীকে প্রতি মাসে ৩ হাজার টাকা করে বৃত্তি প্রদান করা হবে। যা প্রাথমিকভাবে ১ বছরের জন্য প্রদান করা হবে এবং এটি তাদের শিক্ষাকালীন সময়ে নিয়মিত নবায়নের মাধ্যমে চালু থাকবে বলেও উল্লেখ করেন তিনি।

গতকাল মঙ্গলবার (২৫ জানুয়ারী) ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দফতরে আয়োজিত এ অনুষ্ঠানে বিএসইসির কমিশনার ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. শেখ শামসুদ্দিন আহমেদ ছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, ঢাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মাহবুবুল মোকাদ্দেম, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল মনসুর আহাম্মদ ও ঢাবি আইসিটি সেলের পরিচালক অধ্যাপক ড. মো. আসিফ হোসেন খানসহ আরও অন্যান্য শিক্ষকবৃন্দ।

এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিএসইসির চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-ইল-ইসলামকে ধন্যবাদ জানিয়ে বলেন, দক্ষ মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে শিল্প ও শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সম্পর্ক জোরদার করা জরুরি। অর্ন্তভূক্তিমূলক সমাজ গঠন ও টেকসই লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শারীরিকভাবে প্রতিবন্ধী মেধাবী শিক্ষার্থীদের জন্য এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন।

26-01-2022
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

